



জেলা পরিষদ, ফরিদপুর

www.zpfaridpur.org

স্মারকনং-জেপফ/প্রশাঃ/স্ম - ১২৮/৪৫৭ (৩০)

তারিখঃ ০১ জুন ২০২২ খ্রিষ্টাব্দ

টেপাখোলা লেক ইজারা সংক্রান্ত দরপত্র বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ফরিদপুর জেলা পরিষদের মালিকানাধীন ফরিদপুর সদর উপজেলায় অবস্থিত টেপাখোলা লেক শুধু মৎস্য আহরণে সর্বোচ্চ ০৬(ছয়) মাসের (০১.০৭.২০২২-৩১.১২.২০২২) জন্য টেপাখোলা লেক উন্নয়ন প্রকল্পের প্রয়োজনে যেকোন সময় লেক ছেড়ে দিতে বাধ্য থাকবেন এ শর্তে বরাদ্দ প্রাপ্তিতে আগ্রহী ব্যক্তিবর্গ, মসজিদ কর্তৃপক্ষ, মৎস্য ব্যবসায়ী বা অন্য কোন প্রতিষ্ঠানের নিকট হতে কোটেশন আহ্বান করা যাচ্ছে।


ক্রমিক নং	উপজেলা	স্থান	কার্যক্রম	সময়	সর্বনিম্ন দরপত্র মূল্য (ভ্যাট-আয়কর বাদে)
০১	ফরিদপুর সদর	টেপাখোলা লেক	শুধু মৎস্য আহরণ	০৬ (ছয়) মাস (০১.০৭.২২-৩১.১২.২২)	৬,০০,০০০/-

দরপত্র সিডিউল বিক্রয়ের শেষ তারিখ, দরপত্র দাখিলের তারিখ, দরপত্র খোলার তারিখ, স্থান ও সময়

সিডিউল বিক্রয়ের শেষ তারিখ	দরপত্র দাখিলের তারিখ	দরপত্র দাখিলের সময়	দরপত্র দাখিলের স্থান	দরপত্র খোলার তারিখ ও সময়
২৭/০৬/২০২২	২৮/০৬/২০২২	বেলা ১.০০ টায়	জেলা পরিষদ কার্যালয়	২৮/০৬/২০২২ তারিখ বেলাঃ ২৪০০ টা

শর্তাবলীঃ

০১. কার্যাদেশ প্রাপ্তির পর নির্দিষ্ট সময়ের মধ্যে মৎস্য আহরণ কাজ সম্পন্ন করতে হবে। এতে ব্যর্থ হলে জেলা পরিষদ কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।
০২. আগ্রহী ব্যক্তি/প্রতিষ্ঠান (অফেরৎ যোগ্য) ১০০০/- (এক হাজার) টাকা মূল্যে দরপত্র ক্রয় করতে পারবেন। প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, ফরিদপুর এর বরাবর দাখিলকৃত দরের সমুদয় অর্থ কোন সিডিউলড ব্যাংক হতে সিডি/বিডি আকারে কোটেশনের সাথে দাখিল করতে হবে। দরপত্রে দাখিলকৃত দরের পরিমাণ, ভ্যাট (দরের ১৫%), আয়কর (দরের ৫%) স্পষ্টভাবে উল্লেখ করতে হবে। আবেদনপত্রে উদ্ভূত দর যদি অস্পষ্ট হয় তবে কর্তৃপক্ষ তা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন। পে-অর্ডারে ভ্যাট-আয়করসহ এককালীন দর দাখিল করতে হবে।
০৩. আবেদনপত্রে কোটেশনদাতার নাম, পিতা/স্বামীর নাম, গ্রাম/মহল্লা, ইউনিয়ন/পৌরসভা, উপজেলা ও জেলার নাম নির্ভুল ভাবে লিখতে হবে। কোন প্রতিষ্ঠান / রেজিস্টার্ড সমিতি / সংস্থা কর্তৃপক্ষ কোটেশন দাখিলের ক্ষেত্রে তাদের স্ব স্ব সীল ও স্বাক্ষরসহ কোটেশন দাখিল করতে হবে।
০৪. কোটেশন দাখিলের পূর্বে জলাশয়টি সরেজমিনে পরিদর্শনপূর্বক কোটেশন দাখিল করা যাবে। পরবর্তীতে কোন ওজর আপত্তি গ্রহণ করা হবে না।
০৫. কর্তৃপক্ষ কোন কারন দর্শানো ব্যতিরেকে যেকোন কোটেশন গ্রহণ ও সমুদয় কোটেশন বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।


(মোঃ মুজিবুর রহমান)
(উপসচিব)
প্রধান নির্বাহী কর্মকর্তা
জেলা পরিষদ, ফরিদপুর।

০১/০৬/২২